

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উন্নয়ন-১ অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-প্রাগম/উন্নয়ন-১/৭-৪১/২০১০-১৬৫

১৯ আগষ্ট ২০১০

তারিখ: -----

০৪ ভাদ্র ১৪১৭

**প্রজ্ঞাপন**


প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক উপজেলা পর্যায়ে যাচাইপূর্বক গ্রহণ ও বিতরণ করার নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

(ক)	উপজেলা নিবাহী অফিসার	আহবায়ক
(খ)	উপজেলা পরিষদ চেয়ারম্যানের একজন প্রতিনিধি (সরকারী কর্মকর্তা)	সদস্য
(গ)	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
(ঘ)	উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি) ইন্সট্রাক্টর	সদস্য
(ঙ)	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য-সচিব

**কমিটির কার্যপরিধি:**

- (ক) এনসিটিবি কর্তৃক সরাসরি উপজেলায় প্রেরিত প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক যাচাইপূর্বক গ্রহণ ও এতদসংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান।
- (খ) প্রাপ্ত পাঠ্যপুস্তক সংরক্ষণ/গুদামজাতকরণ।
- (গ) বই বিতরণ নীতিমালা অনুযায়ী উক্ত পাঠ্যপুস্তক সুষ্ঠুভাবে বিতরণ।
- (ঘ) এতদসংক্রান্ত রিপোর্ট জেলা পর্যায়ে প্রেরণ।
- (ঙ) সাপ্তাহিক ভিত্তিতে গুদামের মজুদ পরীক্ষাকরণ ও জেলায় রিপোর্ট প্রদান।

০২। এতদসংক্রান্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৩/১১/২০০৯ তারিখের প্রাগম/উন্নয়ন-১/৭-৩৭/২০০৯/৬০৩ নং স্মারকে গঠিত জেলা কমিটি বহাল রাখা হলো। উক্ত জেলা কমিটি পাঠ্যপুস্তক যাচাই/গ্রহণ/বিতরণ সংক্রান্ত রিপোর্ট সাপ্তাহিক ভিত্তিতে বিভাগীয় উপ-পরিচালকগণের নিকট প্রেরণ করবেন। বিভাগীয় উপ-পরিচালকগণ সাপ্তাহিক প্রতিবেদন সপ্তাহের শেষ কর্মদিবসে ফ্যাক্সযোগে আবশ্যিকভাবে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

  
(জ্যোতির্ময় বর্মন)

উপ-সচিব(উন্নয়ন-১) অধিশাখা  
ফোনঃ ৭১৭২৫৪৯

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (উক্ত বিজ্ঞপ্তির কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৬। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (উক্ত বিজ্ঞাপনের কপি ওয়েব সাইটে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো)।